

## আল-আদাবুল মুফরাদ

হাদিস নাম্বারঃ ১২৬৫

জন্মোৎসব ও খতনা অনুষ্ঠান

পরিচ্ছেদঃ ৬০২- শিশুর জন্মগ্রহণ উপলক্ষে দাওয়াত।

بَابُ الدَّعْوَةِ فِي الْوِلادَةِ

## আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ الْعَزِيزِ الْعُمَرِيُّ، قَالَ: حَدَّثَنَا ضَمْرَةُ بْنُ رَبِيعَةَ، عَنْ بِلاَلِ بْنِ كَعْبِ الْعَكِيِّ قَالَ: زُرْنَا يَحْيَى بْنَ حَسَّانَ فِي قَرْيَتِهِ، أَنَا وَإِبْرَاهِيمُ بْنُ أَدْهَمَ، وَعَبْدُ الْعَزِيزِ بْنُ قَرِيرٍ، وَمُوسَى بْنُ يَسَارٍ، فَجَاءَنَا بِطَعَامٍ، فَأَمْسَكَ مُوسَى، وَكَانَ صَائِمًا، فَقَالَ يَحْيَى: أَمَّنَا فِي هَذَا الْمَسْجِدِ رَجُلٌ مِنْ بَنِي كِنَانَةَ مِنْ أَصِحَابِ النَّبِيِّ صلى الله عليه وسلم يُكَنَّى أَبَا قِرْصَافَةَ أَرْبَعِينَ سَنَةً، يَصِومُ يَوْمًا وَيُفْطِرُ يَوْمًا، فَوْلِدَ لأَبِي غُلاَمٌ، فَدَعَاهُ فِي الْيَوْمِ الَّذِي يَصِومُ فِيهِ فَأَفْطَرَ، فَقَامَ إِبْرَاهِيمُ فَكَنَسَهُ بِكِسَائِهِ، وَأَفْطَرَ مُوسَى قَالَ أَبُو عَبْدِ اللهِ: أَبُو قَرْصَافَةَ السَّمُهُ جَنْدَرَةُ بْنُ خَيْشَنَةً.

## বাংলা

১২৬৫। বিলাল ইবনে কাব আল-আককী (রহঃ) বলেন আমি, ইবরাহীম ইবনে আদহাম, আবদুল আযীয ইবনে কুদাইদ ও মূসা ইবনে ইয়াসার (রহঃ) ইয়াহইয়া ইবনে হাসান আল-বাকরী আল-ফালাসতিনীর সাথে তার গ্রামে গিয়ে সাক্ষাৎ করলাম। তিনি আমাদের জন্য খাবার আনলেন। মূসা রোযাদার হওয়ায় আহার গ্রহণ থেকে বিরত থাকেন। ইয়াহইয়া বলেন, চল্লিশ বছর যাবত এই মসজিদে কিনানা গোত্রীয় আবু কিরসাফা (রাঃ) ডাকনামের নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর একজন সাহাবী আমাদের ইমামতি করেন। তিনি এক দিন রোযা রাখেন এবং এক দিন বিরতি দেন। আমার পিতার একটি পুত্রসন্তান জন্মগ্রহণ করলে তিনি তাকে দাওয়াত দেন। সেটি ছিল তার রোযা রাখার দিন। তিনি রোযা ভাংলেন। ইবরাহীম (রহঃ) উঠে দাঁড়িয়ে তাঁকে তার চাদরখানা উপটোকন দেন এবং মূসাও রোযা ভাংগেন। ইমাম বুখারী (রহঃ) বলেন, আবু কিরসাফা (রাঃ)-র নাম জানদারা ইবনে খায়শানা।

## **English**

Bilal ibn Ka'b al-'Ukki said, "We - Ibrahim ibn Adham, 'Abdu'l-'Aziz ibn Qarir,



Musa ibn Yasar and I - visited Yahya ibn Hassan (al-Bakri al-Filistini) in his village. He brought us some food, but Musa held back because he was fasting. Yahya said, 'We had a man with the kunya of Abu Qursafa from the Banu Kinana who had been one of the Companions of the Prophet, may Allah bless him and grant him peace, and he was in this mosque for forty years. He would fast one day and break the fast the next day, My father had a son born to him and he invited this man on the day that he was fasting and he broke his fast.' Ibrahim stood up and swept him with cloak and Musa broke his fast."

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আহসান পাবলিকেশন

Source — https://www.hadithbd.com/hadith/link/?id=46649

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন